


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
www.lawjusticediv.gov.bd

নং-৩৫৪- বিচার-৩/২এম-০৫/৯১,

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।
২০ মে, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ২৯/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে কর্মরত ছিলেন মর্মে গণ্য করতঃ
বিধিমোতাবেক তিনি ২৯/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে বেতন-ভাতাদি এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রশাসনিক
আপীল ট্রাইব্যুনাল হতে প্রাপ্যতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র বিভাগের ০৪/০১/২০১৮ খ্রিঃ তারিখের ১১-বিচার-
৩/১টি-৩/২০১৬ (অংশ-১) নং স্মারক প্রজ্ঞাপনমূলে কিশোরগঞ্জের যুগ্ম-জেলা ও দায়রা জজ বেগম কানিজ ফাতিমা-
কে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রেজিস্ট্রার (যুগ্ম-জেলা ও দায়রা
জজ) পদে বদলি করা হয়। তিনি যথানিয়মে ২৯/০১/২০১৮ খ্রিঃ তারিখ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রেজিস্ট্রার
(যুগ্ম-জেলা ও দায়রা জজ) পদে যোগদান পত্র দাখিল করেন। প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রেজিস্ট্রারের পদ
শূন্য না থাকায় তিনি দায়িত্বভার বুঝে নিতে পারেননি। ফলে তিনি ২৯/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে প্রশাসনিক
আপীল ট্রাইব্যুনালে কর্মরত ছিলেন মর্মে গণ্য করতঃ বিধিমোতাবেক তিনি ২৯/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে বেতন-
ভাতাদি এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল হতে প্রাপ্য হবেন।



(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

জ্ঞাতার্থে বিতরণ :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। সদস্য (জেলা ও দায়রা জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৪। বেগম কানিজ ফাতিমা, রেজিস্ট্রার (যুগ্ম-জেলা ও দায়রা জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।